জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০।

২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ ১ম বর্ষে ভর্তির সময়সূচি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ইউনিট-১ (বিজ্ঞান শাখা), ইউনিট-২ (মানবিক শাখা), ইউনিট-৩ (বাণিজ্য শাখা) ভুক্ত বিভাগসমূহে, ইনস্টিটিউট এবং বিশেষায়িত ৪টি বিভাগে (সংগীত, চারুকলা, নাট্যকলা, ফিল্ম এন্ড টেলিভিশন বিভাগ) মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তির জন্য আহবান করা হচ্ছে। সংশ্লিষ্ট বিভাগে ভর্তির জন্য মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীকে যা করতে হবে তা নিচে উল্লেখ করা হলো :

মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদের করণীয় :

১. মনোনয়নপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে SureCash মোবাইল ব্যাংকিং-এর মাধ্যমে ভর্তি ফি নিম্নে প্রদত্ত নির্ধারিত তারিখ অনুযায়ী জমা দিতে হবে। ভর্তি ফি জমাদানের নিয়ম/পদ্ধতি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://jnu.ac.bd এবং http://admissionjnu.info) দেয়া আছে (**ওয়েবসাইটে দেয়া তথ্যসমূহ অত্যন্ত মনোযোগ সহকারে পড়া অত্যাবশ্যক**)।

২. **ভর্তি ফি নিম্নরূপ :**

ইউনিট	অনুষদ/ইনস্টিটিউট/বিভাগ	ভর্তি ফি'র পরিমাণ
১ (বিজ্ঞান শাখা)	বিজ্ঞান অনুষদ এবং লাইফ এন্ড আর্থ সায়েন্স অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য	১২,৪০০/- টাকা **(ব্যবহারিক ক্লাসের ফিসহ)**
২ (মানবিক শাখা)	কলা অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, আইন অনুষদভুক্ত বিভাগ এবং ইনস্টিটিউটসমূহের জন্য (বিশেষায়িত চারটি বিভাগ ব্যতিত)	১০,৪০০/- টাকা
৩ (বাণিজ্য শাখা)	বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত বিভাগসমূহের জন্য	১০,৪০০/- টাকা
বিশেষায়িত চারটি বিভাগ	ফিল্ম এন্ড টেলিভিশন, সংগীত, চারুকলা এবং নাট্যকলা বিভাগ	১২,৪০০/- টাকা **(ব্যবহারিক ক্লাসের ফিসহ)**

৩. নির্ধারিত ভর্তি ফি জমা দেয়ার পরে HSC/সমমান ও SSC/সমমান Roll No. এবং Admission Test Roll No. দিয়ে ওয়েবসাইটে (http://jnu.ac.bd এবং http://admissionjnu.info) Login করে স্ক্রীনে প্রদর্শিত ফরমটি Print নিয়ে নির্ধারিত স্থানে স্বাক্ষর করে (Admit Card-এ প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ স্বাক্ষর হতে হবে) মনোনয়নপ্রাপ্ত বিভাগে নিম্নে প্রদত্ত (ক্রম ৫-এ বর্ণিত) তারিখ অনুযায়ী জমা দিতে হবে।

৪. **মনোনয়নপ্রাপ্ত বিভাগে যে সকল সনদপত্র ও কাগজপত্রাদি জমা দিতে হবে:**

i) ওয়েবসাইট থেকে প্রিন্টকৃত এবং স্বাক্ষরিত আবেদন ফরম (Admit Card এ প্রদত্ত স্বাক্ষরের অনুরূপ স্বাক্ষর করতে হবে)

ii) পরীক্ষার হলে প্রত্যবেক্ষক (Invigilator) কর্তৃক স্বাক্ষরিত Admit Card

iii) SSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্রসহ প্রতিটির একটি করে ফটোকপি

iv) HSC/সমমানের পরীক্ষার মূল সনদপত্র/নম্বরপত্র, মূল রেজিস্ট্রেশন কার্ডসহ প্রতিটির একটি করে ফটোকপি

v) সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি

বি.দ্র: উল্লিখিত সনদ ও কাগজপত্র মনোনয়নপ্রাপ্ত বিভাগে নির্ধারিত তারিখে ভর্তিচ্ছু শিক্ষার্থীকে সশরীরে উপস্থিত হয়ে জমা দিতে হবে। একজনের ফরম ও কাগজপত্র কোন অবস্থাতেই অন্যজন জমা দিতে পারবে না।

৫. **ইউনিট ১, ২ ও ৩ এর অনুষদভুক্ত বিভাগসমূহ, বিশেষায়িত চারটি বিভাগ এবং ইনস্টিটিউটভুক্ত বিভাগসমূহসহ সকল বিভাগের জন্য SureCash এ টাকা জমা দেয়া এবং সংশ্লিষ্ট বিভাগে মূল সনদপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র জমা দেয়ার সময়সূচি:**

ইউনিট ১, ২ ও ৩	মেধা তালিকা অনুযায়ী ভর্তির জন্য আহ্বান	SureCash এর মাধ্যমে ভর্তি ফি জমা দেয়ার তারিখ	কাগজপত্রাদি মনোনয়নপ্রাপ্ত বিভাগে জমা দেয়ার তারিখ (ক্রমিক নম্বর-৪ এ উল্লেখিত সনদপত্রাদিসহ)	মন্তব্য
সকল বিভাগ	১ম দফা	১১/১১/২০১৯ থেকে ১৭/১১/২০১৯	১১/১১/২০১৯ থেকে ১৮/১১/২০১৯	--
	২য় দফা	২১/১১/২০১৯ থেকে ২৪/১১/২০১৯	২১/১১/২০১৯ থেকে ২৫/১১/২০১৯	আসন শূন্য থাকা সাপেক্ষে
	৩য় দফা	২৮/১১/২০১৯ থেকে ০১/১২/২০১৯	২৮/১১/২০১৯ থেকে ০২/১২/২০১৯	আসন শূন্য থাকা সাপেক্ষে
	৪র্থ দফা	০৫/১২/২০১৯ থেকে ০৮/১২/২০১৯	০৫/১২/২০১৯ থেকে ০৯/১২/২০১৯	আসন শূন্য থাকা সাপেক্ষে
	৫ম দফা	১২/১২/২০১৯ থেকে ১৫/১২/২০১৯	১২/১২/২০১৯ থেকে ১৭/১২/২০১৯	আসন শূন্য থাকা সাপেক্ষে

৬. **কোটায় আবেদনকারীদের (সকল কোটা) সাক্ষাৎকারের সময়সূচি:**

ইউনিট ১, ২ ও ৩ এর অনুষদভুক্ত বিভাগসমূহ, বিশেষায়িত চারটি বিভাগ এবং ইনস্টিটিউটভুক্ত বিভাগসমূহসহ সকল বিভাগ	সাক্ষাৎকারের তারিখ ও কোটার ধরণ	সময় ও স্থান	কোটার ফলাফল প্রকাশের তারিখ	ভর্তি ও কাগজপত্রাদি মনোনয়নপ্রাপ্ত বিভাগে জমা দেয়ার তারিখ (ক্রমিক নম্বর-৪ এ উল্লেখিত সনদপত্রাদিসহ)
কোটায় আবেদনকারীদের সাক্ষাৎকার (সকল কোটা)	১৭/১২/২০১৯ (মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনি কোটা)	সকাল-১০:০০টা থেকে শুরু **স্থান:** সংশ্লিষ্ট ডীন অফিস ও সংশ্লিষ্ট বিভাগসমূহ	১৯/১২/২০১৯	২৯/১২/২০১৯ থেকে ৩১/১২/২০১৯ তারিখের মধ্যে SureCash এর মাধ্যমে ভর্তি ফি প্রদান এবং মনোনীত বিভাগে সরাসরি কাগজপত্রাদি জমা দিতে হবে।
	১৮/১২/২০১৯ (অন্যান্য সকল কোটা)			

বি:দ্র: শুক্রবার ও শনিবার সকাল ১০:০০টা থেকে বেলা ১২:০০টা ও বিকাল ৩:০০টা থেকে ৫:০০টা এবং অন্যান্য দিনগুলোতে সকাল ৯:০০টা থেকে বিকাল ৩:০০টা পর্যন্ত সকল সনদসহ কাগজপত্র জমা দেয়া যাবে।

৭. কোটায় আবেদনকারীদের সাক্ষাৎকারের সময় কোটার স্বপক্ষে প্রয়োজনীয় সকল মূল সনদসহ কাগজপত্র নিয়ে সশরীরে উপস্থিত হতে হবে।

৮. মেধা তালিকা অনুযায়ী প্রাপ্ত বিভাগে ভর্তির পর আসন খালি থাকা ও যোগ্যতা থাকা সাপেক্ষে শিক্ষার্থীর বিষয় পছন্দক্রম ও মেধাক্রম অনুসারে স্বয়ংক্রিয়ভাবে (অটো মাইগ্রেশন) বিষয় পরিবর্তন হবে। অটো মাইগ্রেশনের যে কোন পর্যায়ে অথবা মাইগ্রেশন শুরুর পূর্বে কোন শিক্ষার্থী পছন্দ মতো বিষয় পেলে এবং সে আর মাইগ্রেশন না চাইলে নির্ধারিত সময়ের মধ্যেই মাইগ্রেশন বন্ধের জন্য ডীন অফিসে প্রাপ্তব্য নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি ডীন অফিসে উপস্থিত হয়ে মাইগ্রেশন বন্ধের আবেদন না করলে পরবর্তীতে আর কোন আবেদন বিবেচনা করা হবে না এবং অটো মাইগ্রেশনের মাধ্যমে প্রাপ্ত বিষয়টি তাকে অধ্যয়ন করতে হবে।

৯. **কোন শিক্ষার্থী উপরোল্লিখিত ছকে বর্ণিত (ক্রম ৫ ও ৬ এ বর্ণিত) তারিখ অনুযায়ী ভর্তি ফি ও মূল সনদসহ কাগজপত্রাদি জমা না দিলে, সে ভর্তি প্রক্রিয়া থেকে সম্পূর্ণরূপে বাদ পড়বে। এ বিষয়ে কোন বক্তব্য/ওজর-আপত্তি কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হবে না।**

১০. ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ও বিবিএ **১ম বর্ষের ১ম সেমিস্টারের ক্লাস আগামী ০১/০১/২০২০ তারিখ** থেকে শুরু হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

22/10/19

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)
রেজিস্ট্রার।

Desktop:/2019-20 Admission Doc/Forwarding (Admission 2019-2020)/B.N.